সমাধান: দেওয়া আছে, $M_{O_2} = 32\ gmol^{-1}$, $t_{O_2} = 80\ sec$, $t_{মিশ্রণ} = 85\ sec$

$X_{O_2} = 0.8$, $X_{অজানা} = 0.2$, $M_{অজানা} = W$

$M_{মিশ্রণ} = X_{O_2} \times M_{O_2} + X_{অজানা} \times M_{অজানা} = 0.8 \times 32 + 0.2 \times W = 25.6 + 0.2 \times W$

আমরা জানি, $\sqrt{\frac{M_{O_2}}{M_{মিশ্রণ}}} = \frac{t_{O_2}}{t_{মিশ্রণ}} \Rightarrow \frac{M_{O_2}}{M_{মিশ্রণ}} = \left(\frac{t_{O_2}}{t_{মিশ্রণ}}\right)^2 \Rightarrow \frac{32}{0.2W+25.6} = \left(\frac{80}{85}\right)^2$

$\Rightarrow 0.2\ W + 25.6 = 36.125 \Rightarrow 0.2\ W = 10.525 \Rightarrow W = 52.625\ g$ **(Ans.)**

$\therefore$ নির্ণেয় অজানা গ্যাসের আণবিক ভর $= 52.625\ g\ mol^{-1}$

10. গ্রাহামের ব্যাপন সূত্রটি লিখ। **[BUET'05-06]**

সমাধান: গ্রাহামের ব্যাপন সূত্রঃ নির্দিষ্ট তাপমাত্রায় ও চাপে গ্যাসের ব্যাপনের হার ঘনত্বের বর্গমূলের ব্যস্তানুপাতিক $r \propto \frac{1}{\sqrt{d}}$.

11. আদর্শ গ্যাস ও বাস্তব গ্যাস বলতে কী বুঝায়? একই চাপে ও তাপমাত্রায় কোন পাত্রের একই ছিদ্রপথে P ও Q নামক দুটি গ্যাসের নিঃসরণ হার যথাক্রমে 0.3 এবং 0.2। যদি Q গ্যাসের ঘনত্ব 10 হয়, তবে P গ্যাসের ঘনত্ব ও আণবিক ভর কত হবে? **[CUET'03-04]**

সমাধান: যে গ্যাস সকল তাপমাত্রা ও চাপে গ্যাসের সূত্রসমূহ মেনে চলে তাকে আদর্শ গ্যাস এবং যে গ্যাস সকল তাপমাত্রা ও চাপে গ্যাসের সূত্রসমূহ মেনে চলে না তাকে বাস্তব গ্যাস বলে।

$\frac{r_1}{r_2} = \sqrt{\frac{d_2}{d_1}} \Rightarrow \frac{0.3}{0.2} = \sqrt{\frac{10}{d_1}} \therefore d_1 = 4.44$ **(Ans.)**

$M_1 = 2d = 2 \times 4.44 = 8.88\ gmol^{-1}$ **(Ans.)**

[Note: এখানে ঘনত্বকে বাষ্প ঘনত্ব হিসেবে বিবেচনা করা হয়েছে।]

Question Type-05: ডাল্টনের আংশিক চাপ সূত্র সংক্রান্ত সমস্যা

➲ **Concept:**

◆ ডাল্টনের আংশিক চাপ সূত্র:

A ও B দুইটি গ্যাসের মিশ্রণে এদের মোল সংখ্যা যথাক্রমে n_A ও n_B হলে, A এর মোল ভগ্নাংশ, $X_A = \frac{n_A}{n_A+n_B}$

B এর মোল ভগ্নাংশ, $X_B = \frac{n_B}{n_A+n_B}$

স্থির তাপমাত্রায় পরস্পর বিক্রিয়াহীন A, B, C ইত্যাদি গ্যাস মিশ্রণের মোট চাপ P এবং এদের আংশিক চাপ যথাক্রমে P_A, P_B, P_C ইত্যাদি হলে, $P = P_A + P_B + P_C$ । $P_A = X_A.P$ [আংশিক চাপ = মোট চাপ × মোল ভগ্নাংশ]

নির্দিষ্ট তাপমাত্রায় ও পরস্পর বিক্রিয়াহীন A, B, C গ্যাসগুলোকে V_A, V_B, V_C আয়তনের পাত্রে P_A, P_B, P_C চাপে রাখা হলে, এদেরকে মিশ্রিত করলে সৃষ্ট চাপ যদি P হয় তবে, $P(V_A + V_B + V_C) = P_AV_A + P_BV_B + P_CV_C$ এবং এদেরকে V আয়তনের পাত্রে মিশ্রিত করলে $PV = P_AV_A + P_BV_B + P_CV_C$ [এটি বয়েল ও ডাল্টনের আংশিক চাপসমূহের সমন্বয় সূত্র]

MCQ

01. A mixture is prepared by mixing 1.50 mole Toluene and 3.50 mole Benzene. If the vapor pressure of pure Benzene and Toluene are 40.55 kPa and 20.24 kPa, respectively at 0°C, then the total vapor pressure of the mixing will be: **[IUT'20-21]**

(a) 42.3 kPa (b) 40.50 kPa (c) 34.46 kPa (d) 35.40 Pa

Solution: (c); $P = 40.55 \times \frac{3.5}{1.5+3.5} + 20.24 \times \frac{1.5}{1.5+3.5}\ kPa = 34.46\ kPa$

02. T তাপমাত্রা ও P চাপে V আয়তনের একটি মিশ্রণকে সমআয়তন অর্থাৎ V আয়তনের অপর একটি মিশ্রণের সাথে মিশ্রিত করা হল যার তাপমাত্রা ও চাপ পূর্বেরটির মতোই যথাক্রমে T ও P। T তাপমাত্রায় আয়তন V ঠিক রাখা হলে মিশ্রণের চাপ কত হবে? **[KUET'16-17]**

(a) $\frac{P}{2}$ (b) P^2 (c) P (d) 2P (e) 4P

সমাধান: (d); $P'V = PV + PV \Rightarrow P' = 2P$

03. গরমকালে বায়ুতে 25°C এ জলীয় বাষ্পের মোল ভগ্নাংশ 0.0287 এবং বায়ুর মোট চাপ 0.977 atm হলে, বায়ুতে জলীয় বাষ্পের আংশিক চাপ কত হবে? **[CUET'15-16]**

(a) 0.30 atm (b) 0.948 atm (c) 0.028 atm (d) 0.029 atm

সমাধান: (c); আংশিক চাপ = মোট চাপ × মোল ভগ্নাংশ = (0.977 × 0.0287) atm = 0.028 atm

04. 28 গ্রাম নাইট্রোজেন এবং 142g ক্লোরিন গ্যাসের মিশ্রণের মোট চাপ 12 atm হলে ঐ মিশ্রণে নাইট্রোজেন গ্যাসের আংশিক চাপ কত? **[BUTEX'15-16]**

(a) 8 atm (b) 4 atm (c) 6 atm (d) 2 atm

সমাধান: **(b)**; $n_{N_2} = \frac{28}{28}$ mol $= 1$ mol; $n_{Cl_2} = \frac{142}{71}$ mol $= 2$ mol ; $P_{total} = 12$ atm

$\therefore P_{N_2} = \frac{n_{N_2}}{n_{N_2}+n_{Cl_2}} P_{total} = \frac{1}{1+2} \times 12 \text{ atm} = 4 \text{ atm}$

05. 25°C তাপমাত্রায় দুটি তরল এর বাষ্পচাপ যথাক্রমে 15 kPa এবং 40 kPa। ঐ তাপমাত্রায় 1 মোল A এবং 5 মোল B এর একটি আদর্শ মিশ্রনের বাষ্পচাপের পরিমাণ নির্ণয় কর। **[RUET'14-15]**

(a) 83.35 kPa (b) 83.53 kPa (c) 35.38 kPa (d) 35.83 kPa (e) None

সমাধান: (d); $P = \frac{15\times1+40\times5}{1+5}$ kPa $= 35.83$ kPa

06. 50 gm গ্লুকোজ 500 mL পানিতে দ্রবীভূত করা হয়েছে। দ্রবণে পানির মোল-ভগ্নাংশ কত? (পানি ঘনত্ব $= 0.9887$ gm/mL, গ্লুকোজ $= C_6H_{12}O_6$) **[KUET'13-14]**

(a) 0.9901 (b) 0.9801 (c) 0.9899 (d) 0.9902 (e) 1.0000

সমাধান: **(c)**; $n_{water} = \frac{9887\times500}{18} = 27.464$; $n_{C_6H_{12}O_6} = \frac{50}{180} = 0.277$; $\frac{n_{water}}{n_{water}+n_{C_6H_{12}O_6}} = 0.9899$

07. 29°C তাপমাত্রায় 95 kPa চাপে 0.25 m^3 নাইট্রোজেন ও 80 kPa চাপে 0.38 m^3 অক্সিজেন 1 m^3 আয়তনের একটি ফ্লাস্কে নেয়া হল। মিশ্রিত গ্যাসের চাপ কত? **[BUTEX'13-14]**

(a) 40.44 kPa (b) 49.15 kPa (c) 54.15 kPa (d) 58.22 kPa

সমাধান: **(c)**; $P = \frac{P_1V_1+P_2V_2}{V} = 54.15$ kPa

08. A flask of volume 0.3 m^3 contains a gas 'X' at a pressure of 60. Another flask of volume 0.6 m^3 contains a gas 'Y' at a pressure of 84. Flasks are connected by a stop cock. If the temperature remains constant and the stop cock is opened, percentage volume of gas 'X' in the mixture is- **[IUT'11-12]**

(a) 26.31% (b) 73.69% (c) 40.65% (d) 100%

Solution: (a); $P = \frac{P_1V_1+P_2V_2}{V_1+V_2} = \frac{0.3\times60+0.6\times84}{0.3+0.6} = 76$ kPa ; $V_1' = \frac{P_1V_1}{P} = \frac{0.3\times60}{76} = 0.2368\ m^3$

$\therefore \%V = \frac{V_1'}{V_1+V_2} \times 100\% = \frac{0.2368}{0.9} \times 100\% = 26.31\%$

Written

09. একটি 1.0 L আয়তনের শুষ্ক বাতাসের নমুনায় 25°C তাপমাত্রায় ও 786 mm Hg চাপে 0.925 gm N_2 এবং অজানা পরিমাণ অক্সিজেন, আর্গন ও কার্বন ডাইঅক্সাইড সহ অন্যান্য গ্যাস আছে। এই তাপমাত্রায় বাতাসের নমুনায় N_2 এর আংশিক চাপ কত?

সমাধান: $P = \frac{786}{760}$ atm; $T = 25°C = 298K$; $V = 1L$ **[BUET'17-18]**

$n_{total} = \frac{PV}{RT} = \frac{786\times1}{760\times0.0821\times298} = 0.04227$ mole

$n_{N_2} = \frac{W}{M} = \frac{0.925}{28} = 0.03304$ mole

N_2 এর আপেক্ষিক চাপ $P_{N_2} = \frac{n_{N_2}}{n_{total}} \times P = \frac{0.03304}{0.04227} \times \frac{786}{760}$ atm $= 0.81$ atm **(Ans.)**

10. ডালটনের আংশিক চাপ সূত্রটি লিখ। একটি নির্দিষ্ট তাপমাত্রায় 1.0 L একটি পাত্রে 0.7 atm চাপে 90 mL অক্সিজেন এবং 0.8 atm চাপে 60 mL নাইট্রোজেন মিশ্রিত করা হল। মিশ্রণটির মোট চাপ কত হবে? **[CUET'13-14]**

সমাধান: ডাল্টনের আংশিক চাপ সূত্র: স্থির তাপমাত্রায় নির্দিষ্ট আয়তনের পাত্রে রাখা পরস্পর বিক্রিয়াহীন দুই বা ততোধিক গ্যাসের একটি মিশ্রণের মোট চাপ মিশ্রণে উপস্থিত গ্যাস সমূহের আংশিক চাপের সমষ্টির সমান।

[$P_1 = 0.7$ atm, $P_2 = 0.8$ atm, $V_1 = 90$ mL, $V_2 = 60$ mL, $V = 1$ L $= 1000$ mL, $P = ?$]

সমাধান: $PV = P_1V_1 + P_2V_2 \Rightarrow P = \frac{90\times0.7+60\times0.8}{1000} \Rightarrow P = 0.111$ atm **(Ans.)**

11. পরস্পর বিক্রিয়াহীন কোন গ্যাস মিশ্রণে 142 g ক্লোরিন গ্যাস ও 8 g হাইড্রোজেন গ্যাস রয়েছে। মিশ্রণের মোট চাপ 1.5 atm. হলে ক্লোরিন ও হাইড্রোজেনের আংশিক চাপ নির্ণয় কর। **[BUTEX'09-10]**

সমাধান: $P = 1.5atm \ \therefore n_{Cl_2} = \frac{142}{71} = 2 \text{ mol} \ \therefore n_{H_2} = \frac{8}{2} = 4 \text{ mol}$

$\therefore P_{Cl_2} = \frac{n_{Cl_2}}{n_{Cl_2}+n_{H_2}} \times P = \frac{2}{2+4} \times 1.5 \text{ atm} = 0.5 \text{ atm (Ans.)}$

$\therefore P_{H_2} = (1.5 - 0.5) \text{ atm} = 1 \text{ atm (Ans.)}$ [কারণ, $P_{Cl_2} + P_{H_2} = P_{total}$]

12. একটি পাত্রের আয়তন 5 m^3। ইহা 50 kPa চাপে অক্সিজেন দ্বারা পূর্ণ আছে। ইহা অন্য আর একটি পাত্রের সাথে নল দ্বারা যুক্ত আছে যার আয়তন 10 m^3 এবং যা 40 kPa চাপে কার্বন-ডাই-অক্সাইড দ্বারা পূর্ণ আছে। স্টপকর্কটি খুলে দিলে মিশ্রিত গ্যাসের চাপ কত হবে? $P_2 = 40 \text{ kPa}; V_2 = 10m^3$ **[RUET'05-06]**

সমাধান: আমরা জানি, $P = \frac{P_1V_1+P_2V_2}{V_1+V_2} = \frac{50\times5+40\times10}{5+10} = 43.33 \text{ kPa}$

$P_1 = 50 \text{ kPa}; V_1 = 5 \text{ m}^3$
$P_2 = 40 \text{ kPa}; V_2 = 10 \text{ m}^3$

13. কোন স্থানের বায়ুমণ্ডলের চাপ 101.3 kPa এবং এর মধ্যে জলীয় বাষ্পের চাপ 1.53 kPa। এই বায়ু মণ্ডলে শুষ্ক O_2, N_2 এবং CO_2 এর পরিমাণ শতকরা হারে (v/v) যথাক্রমে 30, 60 এবং 10 হলে, প্রতিটি গ্যাসের আংশিক চাপ নির্ণয় কর। **[KUET'04-05, CUET'04-05]**

সমাধান: $f_1 = n_1P = \frac{3}{10} \times 99.77 = 29.931 \text{ kPa (Ans.)}$

$f_2 = n_2 P = 59.862 \text{ kPa (Ans.)}$

$f_3 = n_3 P = 9.977 \text{ kPa (Ans.)}$

$P = 101.3 - 1.53 = 99.77 \text{ kPa}$

$n_1 = \frac{3}{10} = \frac{30}{100}; n_2 = \frac{6}{10}; \ n_3 = \frac{1}{10}$

Question Type-06: গ্যাসের গতীয় তত্ত্ব, গ্যাসের গতীয় সমীকরণ সংক্রান্ত সমস্যা

➲ **Concept:**

গ্যাসের গতীয় সমীকরণ, $PV = \frac{1}{3} mnC^2$

এখানে, P = গ্যাসের চাপ, V = গ্যাসের বা গ্যাস ধারণকারী পাত্রের আয়তন, n = গ্যাসের অণুর সংখ্যা, m = প্রতিটি অণুর ভর এবং C = গ্যাস অণুর বর্গমূল গড় বর্গবেগ।

C_{rms} = বর্গমূল গড় বর্গ বেগ, $\bar{C}$ = গড় বেগ, C_{mp} = সম্ভাব্য তম বেগ

$$C_{rms} = \sqrt{\frac{3RT}{M}} = \sqrt{\frac{3PV}{W}} = \sqrt{\frac{3P}{\rho}}$$

$$\bar{C} = \sqrt{\frac{8RT}{\pi M}} = \sqrt{\frac{8PV}{\pi W}} = \sqrt{\frac{8P}{\pi\rho}}$$

$$C_{mp} = \sqrt{\frac{2RT}{M}} = \sqrt{\frac{2PV}{W}} = \sqrt{\frac{2P}{\rho}}$$

➢ $C_{rms} > \bar{C} > C_{mp}$

➢ $C_{rms} : \bar{C} : C_{mp} = \sqrt{3} : \sqrt{\frac{8}{\pi}} : \sqrt{2} = 1.58 : 1.45 : 1.29$

➢ গ্যাসের মোট গতিশক্তি $E_k = \frac{3}{2}nRT = \frac{3}{2}PV$

➢ গ্যাসের মোল সংখ্যা $n = \frac{W}{M} = \frac{N}{N_A} = \frac{V}{22.4}$ (STP)

MCQ

01. 27°C তাপমাত্রায় নাইট্রোজেন গ্যাসের অণুর বর্গমূল গড় বর্গবেগ কত? **[CKRUET'20-21]**

(a) 5020.5 ms^{-1} (b) 4995.5 ms^{-1} (c) 4027.5 ms^{-1} (d) 5169.5 ms^{-1} (e) 5000.0 ms^{-1}

সমাধান: (সঠিক উত্তর নেই); $C_{rms} = \sqrt{\frac{3RT}{M}} = \sqrt{\frac{3\times8.314\times300}{28\times10^{-3}}} ms^{-1} = 516.95 \ ms^{-1}$

02. Calculate the root mean square velocity of CO_2 molecule at 1000°C. **[IUT'19-20]**

(a) 84985 m sec^{-1} (b) 849.85 m sec^{-1} (c) 753.23 m sec^{-1} (d) 753.23 m sec^{-1}

Solution: (b); 849.85 ms^{-1}; $C_{rms} = \sqrt{\frac{3RT}{M}} = \sqrt{\frac{3\times8.314\times1273}{44\times10^{-3}}} = 849.85 \ ms^{-1}$

03. একটি গ্যাসের আণবিক ভর 32 হলে কত তাপমাত্রাতে উক্ত গ্যাসের বর্গমূল গড় বর্গবেগ প্রতি সেকেন্ডে 50550cm হবে? **[KUET'14-15]**

(a) 327.76°C (b) 54.76°C (c) 273°C (d) 52.76°C (e) 27.38°C

সমাধান: (b); $C_{rms} = \sqrt{\frac{3RT}{M}} \Rightarrow 505.5 = \sqrt{\frac{3\times8.31\times T}{32\times10^{-3}}} \Rightarrow T = 327.76\ K = 54.76°C$

04. কত তাপমাত্রায় Cl_2 এর r.m.s বেগ $-91.43°C$ তাপমাত্রায় CO_2 এর r.m.s বেগের সমান হবে? **[RUET'14-15]**

(a) 29.99°C (b) 19.00°C (c) 19.09°C (d) 29.09°C (e) None

সমাধান: (e); $\frac{T_1}{M_1} = \frac{T_2}{M_2}; T_1 = 19.98°C$

05. নিম্নের কোন সমীকরণটি গ্যাসের গতি তত্ত্বের সমীকরণ থেকে উদ্ভূত? **[Ans: d] [BUET'13-14]**

(a) $C = \sqrt{\frac{3R}{M}}$ (b) $PV = \frac{2}{3}KT$ (c) $V = \sqrt{\frac{8R}{KM}}$ (d) $P = \frac{1}{3}mnC^2$

06. 15°C তাপমাত্রায় 1.0 মোল O_2 গ্যাসের গতিশক্তি 3.6×10^3 J হলে 'R' এর মান কত হবে? **[KUET'13-14]**

(a) 8.314 J (b) 8.791 J (c) 160.00 J (d) 8.333 J (e) 8.316 J

সমাধান: (d); $E_k = \frac{3}{2}nRT; R = 8.333\ Jmol^{-1}\ K^{-1}$

07. 27°C তাপমাত্রায় একটি গ্যাসের বর্গমূল গড় বর্গবেগ 1304 cms^{-1}. গ্যাসটি হল- **[BUET'12-13]**

(a) O_2 (b) CO_2 (c) NH_3 (d) SO_2

সমাধান: (b); $C = \sqrt{\frac{3RT}{M}} \Rightarrow C^2 = \frac{3RT}{M};\ M = \frac{3RT}{C^2} = \frac{3\times8.316\times10^7\times300}{(1304)^2} = 44.015 \times 10^3\ gm/mole$

There is no correct answer, but it is close to option (b).

08. What is the temperature in Celsius scale at which the root mean square velocity of Cl_2 is equal to that SO_2 gas at NTP? **[IUT'10-11]**

(a) 39.86° (b) 29.86° (c) 40.86° (d) 50.86°

Solution: (b); $\bar{C} \propto \sqrt{\frac{T}{M}} \Rightarrow \bar{C}_{Cl_2} = \bar{C}_{SO_2} \Rightarrow \sqrt{\frac{T+273}{35.5\times2}} = \sqrt{\frac{273}{64}} \Rightarrow T = 29.86°C$

Written

09. According to the kinetic theory of the gas. **[Ans: a] [IUT'21-22]**

(i). RMS speed, $c = \sqrt{\frac{3RT}{M}}$ (ii). Average speed, $\bar{c} = \sqrt{\frac{8RT}{\pi M}}$ (iii). Most probable speed, $\alpha = \sqrt{\frac{2RT}{3M}}$

(a) (i) and (ii) (b) (ii) and (iii) (c) (i) and (iii) (d) (i), (ii) and (iii)

10. (a) NTP তে O_2 গ্যাসের ঘনত্ব 1.429 গ্রাম প্রতি লিটার। O_2 গ্যাস অণুর বর্গমূল গড় বর্গ বেগ SI এককে হিসাব কর। **[RUET'18-19]**

সমাধান: (a); $C = \sqrt{\frac{3P}{d}} = \sqrt{\frac{3\times1.01325\times10^5}{1.429}}$ $\left[\frac{1.429g}{L} = 1.429\ kgm^{-3}\right]$ $C = 461.214\ ms^{-1}$

$[g = 10^{-3}\ kg, 1L = 10^{-3}\ m]$

11. 27°C তাপমাত্রায় অক্সিজেনের অণুর বর্গমূলের গড় বর্গবেগ কত? **[BUTEX'11-12]**

সমাধান: $C = \sqrt{\frac{3RT}{M}} = \sqrt{\frac{3\times8.314\times300}{32\times10^{-3}}} ms^{-1} = 483.56\ ms^{-1}$

12. 25°C তাপমাত্রায় 1gm কার্বন ডাই-অক্সাইড গ্যাসের অণুসমূহের গতিশক্তি নির্ণয় কর। **[RUET'07-08, 06-07, CUET'09-10]**

সমাধান: K.E. $= \frac{3}{2}nRT = \frac{3}{2} \times \frac{1}{44} \times 8.316 \times 298 = 84.48\ J$ **(Ans.)**

অণুসমূহের গতিশক্তি বলতে রৈখিক গতিশক্তি বোঝায় তাই স্বাধীনতার মাত্রা আসবে না।

13. কত তাপমাত্রায় CO_2 এর বর্গমূল গড় বর্গবেগ, 20°C তাপমাত্রায় Cl_2 এর বর্গমূল গড় বর্গবেগের সমান হবে? **[RUET'08-09]**

সমাধান: $\frac{\bar{C}_{CO_2}}{\bar{C}_{Cl_2}} = \sqrt{\frac{T_{CO_2} \times M_{Cl_2}}{T_{Cl_2} \times M_{CO_2}}} \Rightarrow \frac{T_{CO_2} \times 71}{293 \times 44} = 1 \mid T_{Cl_2} = 293\ K$

$\Rightarrow T_{CO_2} = 181.577\ K$ **(Ans.)**

14. (a) দেখাও যে গ্যাস অণুসমূহের বর্গমূল গড় বর্গ বেগ পরম তাপমাত্রার বর্গমূলের সমানুপাতিক এবং গ্যাসের আণবিক ভরের বর্গমূলের ব্যস্তানুপাতিক। **[RUET'05-06]**

সমাধান: আমরা জানি, $PV = \frac{1}{3}mnc^2 \Rightarrow C^2 = \frac{3PV}{mn} \Rightarrow C = \sqrt{\frac{3PV}{M}} \Rightarrow C = \frac{\sqrt{3RT}}{\sqrt{M}} \Rightarrow C \propto \frac{1}{\sqrt{M}}$ এবং $C \propto \sqrt{T}$

∵1 mole আদর্শ গ্যাসের জন্য $PV = RT$ এবং $mn = M =$ আণবিক ভর

(b) কত তাপমাত্রায় CO_2 এর RMS বেগ 20°C তাপমাত্রার Cl_2 এর RMS বেগের সমান হবে।

সমাধান: $C_{CO_2} = C_{Cl_2} \Rightarrow \sqrt{\frac{3RT_{CO_2}}{M_{CO_2}}} = \sqrt{\frac{3RT_{Cl_2}}{M_{Cl_2}}}$ $\therefore T_{CO_2} = \frac{(273+20)\times 44}{71} = 181.5\ K$

15. সেলসিয়াস স্কেলের কত তাপমাত্রায় Cl_2 গ্যাসের বর্গমূল গড় বর্গবেগ NTP তে SO_2 গ্যাসের বর্গমুল গড় বর্গবেগের সমান হবে?

সমাধান: $C_{SO_2} = C_{Cl_2}$ $\therefore \sqrt{\frac{3RT_1}{M_{SO_2}}} = \sqrt{\frac{3RT_2}{M_{Cl_2}}}$ or, $\sqrt{\frac{T_1}{M_{SO_2}}} = \sqrt{\frac{T_2}{M_{Cl_2}}}$ **[BUET'04-05]**

or, $T_2 = \frac{T_1 M_{Cl_2}}{M_{SO_2}} = \frac{273}{64} \times 71 = 302.86\ K = 29.86°C$ **(Ans.)**

16. 27°C তাপমাত্রায় কোন গ্যাসের বর্গমূল গড় বর্গবেগ প্রতি সেকেন্ডে $4123.2\ cms^{-1}$ হলে গ্যাসটির নাম এবং আণবিক সংকেত নিম্নের কোনটি হবে? **[BUET'00-01]**

(i) Propane, C_3H_8 (ii) Nitric Oxide, NO (iii) Carbon dioxide, CO_2 (iv) Ammonia, NH_3

সমাধান: (সঠিক উত্তর নাই); No one is the ans. Because: $C = \sqrt{\frac{3RT}{M}} \Rightarrow M = 4.3$

$\therefore M = \frac{3RT}{C^2} = \frac{3\times 8.316\times 300}{41.232^2} = 4.3\ kg\ mol^{-1}$

Question Type-07: আদর্শ ও বাস্তব গ্যাস সংক্রান্ত সমস্যা

➲ **Concept:**

বাস্তব গ্যাসের ক্ষেত্রে, $PV = ZnRT$

এখানে, $Z =$ সংকোচনশীলতা গুণাংক বা সংনম্যতা গুণাংক। $\therefore Z = \frac{PV}{nRT}$

$Z = \frac{V_{real}}{V_{Ideal}}$

- আদর্শ গ্যাসের জন্য $Z = 1$ $\therefore$ বিচ্যুতি $= Z - 1$
- বিচ্যুতি ধনাত্মক ($Z > 1$) অথবা ঋণাত্মক ($Z < 1$) হতে পারে।
  - (i) $Z < 1$ হলে, আন্তঃআণবিক আকর্ষণ বলের প্রাধান্যের জন্য গ্যাসটি অধিক পেষণযোগ্য হয়। যেমন: CO_2, CH_4, O_2, N_2 ইত্যাদি।
  - (ii) $Z > 1$ হলে, বাস্তব গ্যাসের আন্তঃআণবিক আকর্ষণ বল কম থাকায়; আণবিক আয়তনের প্রধান্য বশত গ্যাসটি কম পেষণযোগ্য হয়। যেমন: H_2, He।
  - (iii) $Z = 1$ হলে, গ্যাসটি আদর্শ গ্যাস।

- ভ্যানডার ওয়ালস সমীকরণ: $\left(P + \frac{n^2a}{V^2}\right)(V - nb) = nRT$

  a এর একক $atm\ L^2/mol^2$; b এর একক L/mol

- বাস্তব গ্যাসসমূহ আদর্শ আচরণ প্রদর্শন করার শর্ত:

  আদর্শ আচরণ প্রদর্শনের জন্য গ্যাসের নিম্নোক্ত বৈশিষ্ট্য থাকা প্রয়োজন-

  (i) ন্যূনতম আন্তঃকণা আকর্ষণ বল (ii) সর্বোচ্চ আন্তঃকণা দূরত্ব (iii) উচ্চ গতিশক্তি

  এ প্রেক্ষাপট বিবেচনায়- (i) নিম্ন চাপ ও (ii) উচ্চ তাপমাত্রায় বাস্তব গ্যাস আদর্শভাবে আচরণ করে।

MCQ

01. 250 mL আয়তনের 1 mole একটি বাস্তব গ্যাসের 300 K তাপমাত্রায় চাপ কত হবে তা ভ্যান্ডারওয়ালস সমীকরণের সাহায্যে নির্ণয় কর। [$a = 2.253\ atm.L^2.mol^{-2}$ এবং $b = 0.0428\ L.mol^{-1}$] **[KUET'17-18]**

(a) 130.6 atm (b) 53.5 atm
(c) 25.7 atm (d) 82.8 atm (e) 96.9 atm

সমাধান: (d); $\left(P + \frac{n^2a}{V^2}\right)(V - nb) = nRT \quad \therefore P = \frac{nRT}{V-nb} - \frac{n^2a}{V^2} = 82.82\ atm$

02. 35.5gm ক্লোরিন গ্যাসের জন্য ভ্যানডার ওয়ালস সমীকরণ কোনটি? **[KUET'14-15]**

(a) $\left(P + \frac{a}{2V^2}\right)\left(V - \frac{b}{2}\right) = RT$ (b) $\left(2P + \frac{a}{2V^2}\right)(2V - b) = RT$
(c) $\left(P - \frac{a}{V^2}\right)(2V - b) = RT$ (d) $\left(P + \frac{a}{4V^2}\right)\left(V - \frac{b}{2}\right) = RT$
(e) $\left(P + \frac{a}{2V^2}\right)(V - 2b) = 2RT$

সমাধান: **(b);** [35.5 gm Cl_2 এর জন্য $n = \frac{1}{2}$]

$\left(P + \frac{n^2a}{V^2}\right)(V - nb) = \frac{1}{2}RT \Rightarrow \left(P + \frac{a}{4V^2}\right)\left(V - \frac{b}{2}\right) = \frac{1}{2}RT \Rightarrow \left(2P + \frac{a}{2vL}\right)(2V - b) = RT$

03. কত ডিগ্রী তাপমাত্রায় 100k Pa চাপে 2.24 dm^3 একটি পাত্রে 14.0 gm N_2 গ্যাসের সংকোচনশীলতা গুণাঙ্ক 0.10 হবে? **[KUET'14-15]**

(a) −3.64°C (b) 265.72°C
(c) 269.36°C (d) 538.7°C (e) −273 K

সমাধান: **(b);** $Z = \frac{PV}{nRT} \Rightarrow 0.1 = \frac{\frac{100}{101.325} \times 2.24}{0.5 \times 0.0821 \times T} \Rightarrow T = 538.72\ K = 265.72°C$

04. ভ্যানডার ওয়ালস্ সমীকরণে ধ্রুবক 'a' যার সাথে সম্পর্কযুক্ত- **[Ans: a] [BUET'12-13]**

(a) আন্তঃআণবিক আকর্ষণ (b) আন্তঃআণবিক বিকর্ষণ
(c) অণুগুলোর প্রকৃত আয়তন (d) b ও c উভয়

Written

05. 32 g অক্সিজেন গ্যাসের জন্য ভ্যানডার ওয়াল-এর সমীকরণটি লিখ। উক্ত সমীকরণ a ও b এর অর্থ লিখ। **[BUET'06-07]**

সমাধান: 32 g অক্সিজেন = 1 mol অক্সিজেন $\therefore n = 1; \left(P + \frac{a}{V^2}\right)(V - b) = RT$, যেখানে a ও b ধ্রুবক।

Question Type-08: এসিড ক্ষারক মতবাদ

১ Concept:

মতবাদ	এসিড	ক্ষারক
অ্যারহেনিয়াস	জলীয় দ্রবণে H^+ দান করে	জলীয় দ্রবণে OH^- দান করে
ব্রনস্টেড ও লাউরি	H^+ দান করে	H^+ গ্রহণ করে
লুইস	ইলেকট্রনজোড় গ্রহণ করে	ইলেকট্রনজোড় দান করে

- ব্রনস্টেড লাউরির এসিডের আপেক্ষিক তীব্রতা এবং স্ব-স্ব-অনুবন্ধী ক্ষারকের তীব্রতার ছক:

শক্তিশালী এসিড	অনুবন্ধী ক্ষারক	দুর্বল ক্ষারক
$HClO_4$	ClO_4^-	
H_2SO_4	HSO_4^-	
HI	I^-	
HBr	Br^-	
HCl	Cl^-	
HNO_3	NO_3^-	
H_3O^+	H_2O	
HSO_4^-	SO_4^{2-}	
H_2SO_3	HSO_3^-	
H_3PO_4	$H_2PO_4^-$	
HNO_2	NO_2^-	
HF	F^-	
CH_3-COOH	CH_3COO^-	
H_2CO_3	HCO_3^-	
H_2S	HS^-	
NH_4^+	NH_3	
HCN	CN^-	
HCO_3^-	CO_3^{2-}	
HS^-	S^{2-}	
H_2O	OH^-	
NH_3	NH_2^-	
OH^-	O^{2-}	

দুর্বল এসিড ↑ ↓ শক্তিশালী ক্ষারক

- ➢ এসিডের বিয়োজন ধ্রুবক K_a যত বেশি হয়, এসিডটি তত শক্তিশালী হয়। তখন এসিডের pK_a ছোট হয়।
- ➢ এসিডের বিয়োজন ধ্রুবক K_a যত কম হয়, এসিডটি তত দুর্বল হয়। তখন এসিডের pK_a বড় হয়।

MCQ

01. In which reaction is the underlined substance acting as a base? **[IUT'21-22]**

(a) $HNO_3 + \underline{H_2SO_4} \longrightarrow H_2NO_3^+ + HSO_4^-$ (b) $HSiO_3^- + \underline{HCN} \longrightarrow CN^- + H_2O + SiO_2$

(c) $HNO_2 + \underline{HCO_3^-} \longrightarrow H_2O + CO_2 + NO_2^-$ (d) $C_6H_5O^- + \underline{CH_2ClCO_2H} \longrightarrow C_6H_5OH + CH_2ClCO_2^-$

Solution: (c); $HNO_2 + \underline{HCO_3^-} \rightarrow NO_2^- + H_2CO_3 \rightarrow H_2O + CO_2 + NO_2^-$

02. নিম্নের কোন যৌগটি লুইস এসিড নয়? **[Ans: c] [BUTEX'14-15]**

(a) BF_3 (b) $AlCl_3$ (c) $BaCl_2$ (d) $BeCl_2$

03. যে প্রশমন বিক্রিয়াটিতে আরহেনিয়াসের সূত্র অনুসৃত হয়েছে তা হল- **[BUET'13-14]**

(a) $NH_3(g) + HCl(g) = NH_4Cl(g)$ (b) $CaO(s) + CO_2(g) = CaCO_3(s)$

(c) $NH_4OH(aq) + HCl(aq) = NH_4Cl(aq) + H_2O(l)$ (d) $FeO(s) + HCl(aq) = FeCl_2(aq) + H_2O(l)$

সমাধান: (c); কারণ জলীয় দ্রবণে OH^- এবং H^+ আয়ন বিদ্যমান

04. কোন জোড়া এসিডের তীব্রতার ক্রম ভুল? **[Ans: e] [KUET'13-14]**

(a) $CH_3COOH > CH_3CH_2COOH$ (b) $H_2SO_3 > H_2CO_3$

(c) $ClCH_2COOH > CH_3COOH$ (d) $HClO_4 > HNO_3$ (e) $HF > HCl$

সমাধান: (e); $HF > HCl$ ভুল কারণ হাইড্রাসিডের ক্ষেত্রে অ্যানায়নের আকার বড় হলে এসিডের তীব্রতা বেশি হয়।

05. নিম্নগুলোর মধ্য থেকে অম্ল শনাক্ত কর। **[Ans: b] [RUET'13-14]**

(a) $[Al(OH)(H_2O)_5]^{2+}$ (b) $[Al(H_2O)_6]^{3+}$

(c) $[Fe(OH)_2(H_2O)_4]^+$ (d) $[Cu(OH)(H_2O)_3]^+$ (e) None

06. A solution of $CuSO_4$ is- **[Ans: a][IUT'08-09]**

(a) acidic (b) alkaline (c) neutral (d) amphoteric

Question Type-09: পানির বিশুদ্ধতার মানদন্ড: DO, BOD, COD সংক্রান্ত সমস্যা ও এসিড বৃষ্টি

➲ **Concept:**

মানদণ্ড	WHO অনুমোদিত সর্বোচ্চ মাত্রা
pH	6.5 – 8.5
DO	5.0 – 6.0 ppm
BOD	6.0 ppm (বা, mgL^{-1})
COD	10.0 ppm (বা, mgL^{-1})
TDS	500 ppm (বা, mgL^{-1})
খরতা: Ca^{2+}	100 ppm (বা, mgL^{-1})
Mg^{2+}	150 ppm (বা, mgL^{-1})
NaCl	500 ppm (বা, mgL^{-1})

$DO = \frac{V \times 8 \times 1000 \times S}{y}$ এখানে, V = রিফ্লাক্সকৃত পানির নমুনাকে টাইট্রেশনের জন্য প্রয়োজনীয় বিজারক দ্রবণের আয়তন

S = বিজারক দ্রবণের মোলার ঘনমাত্রা

y = পানির নমুনার আয়তন

➢ $BOD/COD = DO_i - DO_f = \frac{(V_2 - V_1) \times 8 \times 1000 \times S}{y}$

এখানে, DO_i = নমুনা দ্রবণের প্রাথমিক DO

DO_f = নমুনা দ্রবণের চূড়ান্ত DO

V_1 = রিফ্লাক্সকৃত পানির নমুনাকে টাইট্রেশনের জন্য প্রয়োজনীয় বিজারক দ্রবণের আয়তন

V_2 = পানির নমুনা ছাড়া বাকি মিশ্রণকে (blank) টাইট্রেশনের জন্য প্রয়োজনীয় বিজারক দ্রবণের আয়তন

S = বিজারক দ্রবণের মোলার ঘনমাত্রা

y = পানির নমুনার আয়তন

➢ DO, BOD, COD এর একক ppm অথবা mgL^{-1}

➢ **এসিড বৃষ্টির সময় সংঘটিত বিক্রিয়াঃ**

$$\begin{cases} 2\,SO_2 + O_2 \xrightarrow{h\nu} 2\,SO_3; SO_2 + O_3 \rightarrow SO_3 + O_2; SO_3 + H_2O \rightarrow H_2SO_4; \\ SO_2 + \frac{1}{2}O_2 + H_2O \rightarrow H_2SO_4;\ \ 2SO_2 + O_2 + 2H_2O \rightarrow 2H_2SO_4; \\ SO_2 + H_2O \rightarrow H_2SO_3; \end{cases}$$

$$\begin{cases} N_2 + O_2 \xrightarrow[3000°C]{\text{বিদ্যুৎস্ফরণ}} 2NO;\ \ 2NO + O_2 \rightarrow 2\,NO_2; 4NO_2 + 2H_2O + O_2 \rightarrow 4HNO_3; \\ NO + O_3 \rightarrow NO_2 + O_2; NO_2 + O_3 \rightarrow NO_3 + O_2;\ \ NO_2 + NO_3 \rightarrow N_2O_5; \\ N_2O_5 + H_2O \rightarrow 2HNO_3; NO_2 + H_2O \rightarrow HNO_2 + HNO_3; \end{cases}$$

$$\{CO_2 + H_2O \rightarrow H_2CO_3;\ \ HCl(g) + H_2O \rightarrow HCl\ (aq)$$

MCQ

01. বিশ্ব স্বাস্থ্য সংস্থা অনুমোদিত পানির গ্রহণযোগ্য মানদন্ড- pH, DO, BOD, COD, TDS এর সর্বোচ্চ মাত্রা কোনটি?

[Ans: b][CKRUET'20-21]

(a) 5.0 – 6.0, 6.5 – 8.5 ppm, 6.0 ppm, 500 ppm, 10.0 ppm
(b) 6.5 – 8.5, 5.0 – 6.0 ppm, 6.0 ppm, 10.0 ppm, 500 ppm
(c) 6.5 – 8.5, 5.0 – 6.0 ppm, 10.0 ppm, 6.0 ppm, 500 ppm
(d) 5.0 – 6.0, 6.5 – 8.5 ppm, 6.0 ppm, 10.0 ppm, 500 ppm
(e) None of them

02. একটি ড্রেন থেকে 1000 mL ময়লা পানি সংগ্রহ করে তার COD নির্ণয়ের জন্য DO পরিমাপ করতে গিয়ে দেখা গেল 50 mL নমুনা পানির জন্য 0.015 N $Na_2S_2O_3$ দ্রবণের 10 mL লেগেছে। ঐ নমুনা পানিতে H_2SO_4 ও $K_2Cr_2O_7$ যোগ করার 3 ঘণ্টা পর পুনরায় DO নির্ণয় করতে গিয়ে দেখা গেল এর 50 mL পানির জন্য 0.15 N $Na_2S_2O_3$ দ্রবণের 3.5 mL লেগেছে। ঐ নমুনা পানির COD গণনা কর। **[KUET'18-19]**

(a) 15.6 ppm (b) 17.6 ppm (c) 19.6 ppm (d) 21.6 ppm (e) 23.6 ppm

সমাধান: (a); $COD = \frac{10\times0.015\times8-0.015\times3.5\times8}{50}\times1000 = 15.6\text{ ppm}\ [e_{Na_2S_2O_3}=1]$

03. Temporary hardness of water is caused due to the presence of which compounds in water? **[Ans: c][IUT'17-18]**

(a) $CaCO_3$ (b) $CaCl_2$ and $MgCl_2$ (c) $Ca(HCO_3)_2$ and $Mg(HCO_3)_2$ (d) Na_2CO_3

Written

04. উইঙ্কলার আয়োডোমিতিক পদ্ধতিতে পানিতে দ্রবীভূত অক্সিজেন নির্ণয়ে ঘটিত রাসায়নিক বিক্রিয়াসমূহ উল্লেখ কর।

সমাধান: $MnSO_4 + 2KOH \rightarrow Mn(OH)_2 + K_2SO_4$ **[RUET'18-19]**

$2Mn(OH)_2 + O_2 \rightarrow 2MnO(OH)_2$; $MnO(OH)_2 + 2H_2SO_4 \rightarrow Mn(SO_4)_2 + 3H_2O$

$Mn(SO_4)_2 + 2KI \rightarrow K_2SO_4 + MnSO_4 + I_2$; $2Na_2S_2O_3 + I_2 \rightarrow Na_2S_4O_6 + 2NaI$

05. COD এর মান BOD এর মানের চেয়ে বড় হয় কেন? **[BUTEX'18-19]**

সমাধান: কোন পানির নমুনায় BOD অপেক্ষা COD এর মান বেশি। কারণ BOD শুধু পানিতে অবস্থিত জৈব অপদ্রব্য জারণের জন্য ব্যবহৃত অক্সিজেনের পরিমাণ এবং COD এর মান কোন পানির নমুনায় উপস্থিত জৈব অজৈব উভয় ধরনের মোট পদার্থ জারণের প্রয়োজনীয় O_2 এর পরিমাণ প্রকাশ করে।

06. Ca^{2+} আয়নকে $CaCO_3$ হিসাবে সম্পূর্ণরূপে অধঃক্ষিপ্ত করতে 200 mL আয়তনের একটি পানির নমুনায় 0.025 M ঘনমাত্রার 5.0 mL Na_2CO_3 দ্রবণ প্রয়োজন হল। পানির নমুনাটির খরতা ppm- এ হিসাব কর। **[BUET'17-18]**

সমাধান: $Na_2CO_3 \longrightarrow 2Na^+ + CO_3^{2-}$

$CO_3^{2-} + Ca^{2+} \longrightarrow CaCO_3$

বিক্রিয়া থেকে লেখা যায় $n_{Na_2CO_3} = n_{CO_3^{2-}} = n_{CaCO_3}$

সুতরাং, $n_{CaCO_3} = V_{Na_2CO_3} \times S_{Na_2CO_3} = 5\times10^{-3}\times0.025 = 1.25\times10^{-4}$ mole

সুতরাং পানির নমুনার ক্ষরতা, $S = \frac{n_{CaCO_3}}{V_{H_2O}} = \frac{1.25\times10^{-4}}{200\times10^{-3}} = 6.25\times10^{-4}\text{ M} = 10^3\times6.25\times10^{-4}\times100 = 62.5\text{ ppm}$

Note: ppm = 10^3 SM ব্যবহার করে

বিকল্প: $CaCO_3 \equiv Na_2CO_3$

$2\times0.025\times\frac{5}{1000} = 2\times\frac{W}{100} \Rightarrow W = 0.0125\text{ gm} = 12.5\text{ mg} \therefore 1000\text{ mL}$ এর জন্য, খরতা = 62.5 ppm (as $CaCO_3$)

07. পানির অ্যালকালিনিটির জন্য কোন কোন প্রজাতির রাসায়নিক দ্রব্য দায়ী? এর মাত্রা (অ্যালকালিনিটি) কিভাবে নির্ণয় করা হয়? **[BUET'05-06]**

সমাধান: পানির অ্যালকালিনিটির জন্য Ca- লবণ, Mg- লবণ ইত্যাদি দায়ী। এদের মধ্যে Ca - লবণ এর পরিমাণ অনেক বেশি। পানির নমুনা নিয়ে এর সাথে এসিডিয় মাধ্যমে নির্দেশক যোগ করে EDTA এর সাথে ট্রাইট্রেশন করে লবণের পরিমাণ নির্ণয় করা যায়, যার পরিমাণ অ্যালকালিনিটির সমান।